

শাখা নিয়ন্ত্রণ বিভাগ

তারিখ: ১৯-১০-২০২১

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২০২১-২০২২ এর ২য় কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত সভার কার্যবিবরণী।

১২ অক্টোবর ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভাপতি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. মোসাদ্দেক-উল-আলম মহোদয়ের সভাপতিত্বে ব্যাংকের বোর্ড রুমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১) এর বাস্তবায়ন সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মহাব্যবস্থাপকগণ, সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপকগণ এবং সংশ্লিষ্ট বিভাগ প্রধানগণ উপস্থিত ছিলেন।

২। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ এর ১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর ২০২১) এ বর্ণিত সকল সূচক শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান এবং সন্তোষ প্রকাশ করেন।

৩। সভাপতি মহোদয়সহ উপস্থিত সদস্যগণ ২০২১-২২ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১) এর নির্ধারিত লক্ষ্যমাত্রা ও তার বিপরীতে অর্জনের বিষয় আলোচনা করেন। বিভাগ প্রধান, শাখা নিয়ন্ত্রণ বিভাগ মহোদয় ২য় কোয়ার্টারের নির্ধারিত পরিকল্পনার সূচকসমূহ নিয়ে আলোচনা করেন।

৪। APA এর সাথে সংযুক্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ের কমিটি গঠন ও সকল কার্যক্রম শাখা নিয়ন্ত্রণ বিভাগ সম্পাদনা করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। মহাব্যবস্থাপক (হিসাব ও নিরীক্ষা) মহোদয়কে সভাপতি করে ৫ সদস্য বিশিষ্ট সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। আলোচনা শেষে ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর ২০২১) এর নির্ধারিত কর্ম পরিকল্পনার শতভাগ অর্জনের বিষয়টি নিশ্চিতকরণ ও শুদ্ধাচার প্রণয়নের লক্ষ্যে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত বিভাগ
১	সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ১টি সভা সম্পন্ন করা	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
২	২য় কোয়ার্টারে ব্যাংকের (১০-২০ গ্রেড) কর্মচারীদের নিয়ে কমপক্ষে ২৫ জনের ১টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ (Code of Conduct সংক্রান্ত) আয়োজন করা এবং এ বিষয়ের তথ্য শাখা নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করা	প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
৩	প্রধান কার্যালয়ের ওয়াশরুমসমূহ অতিদ্রুত মানসম্মত ও স্বাস্থ্যসম্মত করা	সাধারণ সেবা বিভাগ
৪	ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও ওয়েবসাইটে আপলোডকরণ	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
৫	আঞ্চলিক কার্যালয় হতে প্রেরিত ফিডব্যাক প্রতিবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ ও মন্ত্রণালয়ে প্রেরণ	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
৬	শাখাগুলোকে অফসাইট ও অনসাইট সুপারভিশনকৃত পরিদর্শন রিপোর্ট পরবর্তী প্রতিটি কোয়ার্টার সভায় উপস্থাপন করতে হবে	শাখা নিয়ন্ত্রণ বিভাগ
৭	শাখায় অবস্থিত অভিযোগ বক্স তদারকী করা	শাখা নিয়ন্ত্রণ বিভাগ

চলমান পাতা-২

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217

Telephone: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615

Website: www.ansarvdpbank.gov.bd, E-mail: info@ansarvdpbank.gov.bd



আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

ANSAR-VDP UNNAYAN BANK




-২-

৮	২য় কোয়ার্টারে ১টি বিশেষ নিরীক্ষা পরিচালনা করা (টাঙ্কাইল অফলাইন ২টি শাখা)	নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
৯	মহাব্যবস্থাপকগণ বর্ণিত কোয়ার্টারে ১টি করে মোট ২টি শাখা আকস্মিক পরিদর্শন করবেন	মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর ও শাখা নিয়ন্ত্রণ বিভাগ
১০	প্রধান কার্যালয়ের ৪র্থ তলা সর্বভোম ব্যবহার উপযোগী করার লক্ষ্যে ছাদে ষ্টোররুম করার বিষয়ে অতিদূত ভবন মালিকের সাথে আলোচনা	সাধারণ সেবা বিভাগ
১১	স্ব স্ব ডিপার্টমেন্টকে তাঁদের ব্যবহৃত আলমারী/কেবিনেট এ সংরক্ষিত ফাইলসমূহ শ্রেণীবিন্যাস এর নীতিমালা অনুসারে শ্রেণীবিন্যাস করে বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণ	সকল বিভাগ
১২	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৫ সদস্য বিশিষ্ট পরীক্ষণ কমিটি গঠন	শাখা নিয়ন্ত্রণ বিভাগ

৬। পরিশেষে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সোনার বাংলা গড়ার প্রত্যয় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে অত্র ব্যাংকের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা সফলভাবে বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণের আহবান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে,


মোঃ মনজুরুল হক
সহকারী মহাব্যবস্থাপক

ফোন : 02-222224291


ই-মেইল: avubbcd@gmail.com

সূত্র নং-২/২১/৬৯০/ ২০১০

তারিখ : ১৯-১০-২০১১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি:

- ১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (অপারেশন এবং হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি বিভাগকে কার্যবিবরণী ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ।
- ৫। নথি/মহানথি।


১৯-১০-১১
আসমা বেগম
প্রিন্সিপাল অফিসার

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217
Telephone: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
Website: www.ansarvdpbank.gov.bd, E-mail: info@ansarvdpbank.gov.bd